গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ কপিরাইট অফিস,
বাংলাদেশ কপিরাইট ভবন, আগারগাঁও,শেরেবাংলা নগর, ঢাকা।
www.copyrightoffice.gov.bd

স্মারক নং- CRF-202618882-24733, CRF-20261894-24825/ ২৩২৮ | তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ আগস্ট ২০২৬

বিষয়: কপিরাইট রেজিস্ট্রেশন এর ক্ষেত্রে সাদৃশ্য থাকায় শুনানী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "মায়ের মর্যদা," "শুভ বিবাহ," "আনার কলি," "আসামি," "বন্ধু," "জিঞ্জির," "দাবি," "অকৃতজ্ঞ," "অজান্তে," "শ্বশুরবাড়ী জিন্দাবাদ," "অংশীদার," "অঙ্গীকার," এবং "অপেক্ষা" শিরোনামে মোট ১৩টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র কর্মসমূহের প্রযোজক তথা হস্তান্তর দাতা জনাব গায়ত্রী বিশ্বাস ও তাঁর পুত্র জনাব দেবাশীষ বিশ্বাস; আবেদনকারী জনাব মাহবুব আলম, জনাব লিটন সরকার ইমন, জনাব নাজমুল হক ভূঁইয়া, জনাব মোঃ আনোয়ার হোসেন, এবং জনাব মৃণাল কান্তি দাস এর নিকট ডিজিটাল সম্প্রচার স্বত্ব এবং টিভি চ্যানেল সম্প্রচার স্বত্ব হস্তান্তর করেছেন। একই চলচ্চিত্র কর্মের একই স্বত্ব ভিন্ন ভিন্ন দলিলের মাধ্যমে ভিন্ন ভিন্ন ব্যাক্তির নিকট স্বত্ব হস্তান্তর করায় আইনগত জটিলতা তৈরী হচ্ছে। ভবিষ্যত আইনগত জটিলতা নিরসনে উল্লেখিত চলচ্চিত্র কর্মগুলোর মালিকানা নির্ধারনে একইসাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সমীচীন বলে প্রতীয়মান হয়। উল্লেখিত চলচ্চিত্র কর্মসমূহের প্রকৃত স্বত্বাধিকারী নির্ধারণের জন্য প্রযোজক মিসেস গায়ত্রী বিশ্বাস ও তাঁর পুত্র জনাব দেবাশীষ বিশ্বাস এবং সকল পক্ষের উপস্থিতে শুনানি গ্রহণ প্রয়োজন।

২। উল্লেখিত চলচ্চিত্র কর্মসমূহের প্রকৃত স্বত্বাধিকারী নির্ধারণের জন্য প্রযোজক মিসেস গায়ত্রী বিশ্বাস ও তাঁর পুত্র জনাব দেবাশীষ বিশ্বাস এবং সকল পক্ষ স্বয়ং অথবা উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে আগামী ৩০ আগস্ট ২০২৬ তারিখ দুপুর ০২ টায় বাংলাদেশ কপিরাইট অফিসে শুনানী অনুষ্ঠিত হবে। এছাড়া উল্লেখিত চলচ্চিত্র কর্মসমূহের প্রযোজক মিসেস গায়ত্রী বিশ্বাস ও তাঁর পুত্র জনাব দেবাশীষ বিশ্বাস কে শুনানিতে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রত্যেক পক্ষকে হস্তান্তর দলিলের মূলকপি, হস্তান্তর দলিলের দাতা কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ স্ব স্ব বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমান, তথ্য এবং প্রয়োজনে লিখিত বক্তব্যসহ স্বয়ং বা আইনানুগ প্রতিনিধির মাধ্যমে শুনানিতে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। অন্যথায় কপিরাইট আইন, ২০২৩ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গৃহীত হবে।

১৮/০৮/২৬

(মোস্তাক আহমেদ)
কপিরাইট সহকারী রেজিস্ট্রার
(সিনিয়র সহকারী সচিব)
ফোন: ০২ ২২২২১৮৬৪০ (অফিস)
info@copyrightoffice.gov.bd

বিতরণ:

১. জনাব গায়ত্রী বিশ্বাস, প্রিয় প্রজ্ঞান, ফ্ল্যাট নং এ/০৩-০৩, ২নং পরিবাগ, ঢাকা-১০০০
২. জনাব দেবাশীষ, বিশ্বাস, প্রিয় প্রজ্ঞান, ফ্ল্যাট নং এ/০৩-০৩, ২নং পরিবাগ, ঢাকা-১০০০
৩. জনাব মাহবুব আলম, সিডি ভিশন, বাসা-১/২, রোড-৪, ব্লক-এইচ, দক্ষিন বনশ্রী, ঢাকা।
৪. জনাব লিটন সরকার ইমন, ১২/৩৯/ই, রুপনগর,টিনসেড, মিরপুর, পল্লবী, ঢাকা-১২১৬
৫. জনাব মোঃ আনোয়ার হোসেন, স্বত্বাধিকারী, অনুপম রেকর্ডিং মিডিয়া, ২১, নিউ ইস্কাটন রোড (হদা লজ- ৩য় তলা), মগবাজার, রমনা, ঢাকা- ১০০০
৬. জনাব নাজমুল হক ভুঁইয়া, স্বত্বাধিকারী জি- সিরিজ ও অগ্নিবীনা প্রোডাকশনস, ৮২/১-২ ল্যাবরেটরী রোড, ধানমন্ডি, ঢাকা- ১২০৫
৭. জনাব মৃণাল কান্তি দাস, গ্রীন পীস, ফ্ল্যাট-বি-১৪, ৪১ চামেলীবাগ, শান্তিনগর, ঢাকা-১২১৭

অনুলিপি:

১. কপিরাইট রেজিস্ট্রার এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা।
২. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কপিরাইট অফিস (ওয়েবসাইটে আপলোডের জন্য)
৩. সংশ্লিষ্ট নথি।